নিজেকে আমরা যতই হক মনে করি, এটা কি কেউ অস্বীকার করতে পারব যে আমরা সাহাবায়ে কেরামের জামাতের মত পুরোপুরি হক নই? ভুল-ত্রুটি আমাদের মাঝে অবশ্যই আছে। যদিও আমি এই যামানার সবচেয়ে বড় শাইখুল ইসলাম, শাইখুল হাদীস কাশফুল ইসলাম, নায়েবুন নবীয়ীন, বাহরুল উলুম, আঞ্জুমানে তরজুমান, পীরে কামেল, আলেমে রব্বানী, মাওলানা, মুফতী, ক্বারী, হাফেয, আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বক্তা, দাঈ ইলাল্লাহ, মরদে মুজাহিদ ইত্যাদি যাই হই না কেন। রাসূলুল্লাহ-র বহুসংখ্যক সাহাবী হযরত হুজাইফা রাযিয়াল্লাহু আনহুমা জীবিত থাকা অবস্থাতেই মুসলিম সমাজে এসব ফিতনা সনাক্ত করতে পেরেছিলেন। মুসান্নাফ ইবনে আবি শায়বা-র ৩৮,৪৩৯ নং হাদীসে বলা হয়েছে একদা হুযাইফা মসজিদে ঢুকে দেখলেন, সেখানে কিছু লোক অন্য কিছু লোককে হালকা শিখাচ্ছে। তিনি আফসোস করে বললেন, হায়, তোমরা যদি সঠিক পথের উপর থাকতে! তোমরা অনেক দূরের জিনিসকে নিজেদের জন্য আবশ্যক করে নিয়েছো। এরপর তিনি তাদের মাঝে বসলেন এবং বললেন, আমরা ছিলাম সেই কওম যারা এলেম কিভাবে আসে ঈমান কিভাবে যায় শিখেছি। শীঘ্রই এমন কওম আসবে যারা ঈমান কিভাবে আগে এলেম কিভাবে। লোকদের মধ্য থেকে একজন জিজ্ঞাসা করলো, তাহলে কি এটাই ফিতনা? তিনি বললেন, অচিরেই এমন কিছু ব্যাপার তোমাদের সামনে আসবে যে তোমরা (সেসব বিষয়ে মানুষকে সতর্ক করতে গেলে নিজেরাই) অপরাধী বনে যাবে। এরপর অনবরত সেই জিনিসগুলো আসতেই থাকবে,

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Insulin Human (rDNA) USP Pen Cartridge

আসতেই থাকবে। লোকজন পরামর্শ নিবে এমন দুর্ব্যক্তি (আলেম) থেকে, যাদের একজন হবে অজ্ঞ ও অন্য জন হবে অসৎ। একথার সমর্থন পাওয়া যায় হযরত জুন্দুব ইবনে আব্দুল্লাহ - এর বর্ণনা থেকে। তিনি বলেন, আমরা আমাদের নবীজী (সা:) - এর সাথে ছিলাম। তাই আমরা কুরআন শিখার আগে ঈমান শিখেছি। তারপর আমরা কুরআন শিখেছি। আর এভাবে আমাদের ঈমান আরো বৃদ্ধি পেয়েছে।

আমাদের দেশ তথা সারা দুনিয়াতে হাজার হাজার মাদরাসায় লক্ষ লক্ষ ছেলেমেয়ে দ্বীনের কথা শিখছে। অথচ এদের অধিকাংশই তাদের পরিবার থেকে ইসলাম সম্পর্কে কোনো ধারণা না নিয়েই মাদরাসায় আসে। জন্মের পর থেকে ঈমানী কোনো সবক তার পিতা মাতা তাদেরকে হয়তো দেয় না বা দেওয়ার সামর্থ্য রাখে না। ফলে অনুপযুক্ত পাত্রে ঢেলে দেয়া হয় দ্বীনি পবিত্র সবক এবং তখন এদের অধিকাংশই এর মাহাত্ম্য বুঝতে ব্যর্থ হয়। মাদরাসার সার্টিফিকেট ধারী লোকদের সংখ্যা দিন

দিন বৃদ্ধি পাচ্ছে, কিন্তু আলেমরা দুনিয়া থেকে হারিয়ে যাচ্ছেন। একবার নবীজী (সা:) আকাশের দিকে তাকিয়ে বললেন, ইলম তুলে নেয়ার সময় হয়ে গেছে। একথা শুনে এক সাহাবী জিজ্ঞেস করলেন, ইলম কিভাবে উঠে যাবে, অথচ আমরা নিজেরা কুরআন শিখছি এবং আমাদের সন্তানদেরকেও শিখাচ্ছি? তখন নবীজী (সা:) বললেন, আমি তোমাকে অনেক বুদ্ধিমান মনে করেছিলাম। ইহুদী-খ্রিস্টানরাও তো তাদের কিতাব পড়ে ও তাদের সন্তানদের পড়ায়। এতে তাদের কী ফায়দা হয়েছে?
একদা আব্দুল্লাহ (রা:) এক মজলিসে বসেছিলেন। তিনি বললেন, তখন তোমাদের অবস্থা কী হবে যখন ফিতনার চাদর তোমাদেরকে পড়ানো হবে? অল্প বয়সীরা সে সময় সীমা অতিক্রম করবে এবং বয়স্করা তখন দুর্বল হয়ে পড়বে। মানুষ সে সময় কিতনাকে সুন্নত মনে করবে। আর সেই কিতনাকে কেউ পরিবর্তন করতে চাইলে মানুষ তাকে বাধা দিয়ে বলবে, তুমি সুন্নতের মাঝে পরিবর্তন আনতে চাচ্ছ। তখন মজলিসের লোকেরা জিজ্ঞাসা করলো, হে আবি আব্দুর রহমান, এ রকম কখন হবে? তিনি উত্তর করলেন, যখন তোমাদের মাঝে আলেমদের সংখ্যা বেড়ে যাবে, কিন্তু তাদের মধ্যে বিশ্বস্তদের সংখ্যা হবে অনেক কম। যখন তোমাদের মাঝে দ্বীনের ব্যাপারে ফয়সালাকারীর সংখ্যা বেড়ে যাবে কিন্তু তাদের মধ্যে খুব অল্প সংখ্যক লোকের দ্বীনের বুঝ থাকবে। আর যখন তোমরা আখেরাতের আমল দ্বারা দুনিয়ার সন্ধান করবে। আপনি যদি ইসলাম মাযহাব ও দাজ্জাল বিষয়ে

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

কোনো আলেমকে জিজ্ঞাসা করেন, অধিকাংশ আলেমই সম্ভবত জবাব দিবেন যে এগুলো নিয়ে এখন চিন্তা করার প্রয়োজন নেই। এগুলো আরো অনেক বছর পরে হবে। আফসোস! কিয়ামতের আরো অনেক বছর বাকি আছে – এই কথার পক্ষে তাদের দলীল কোথায়? বরং কিয়ামতকে নিকটবর্তী মনে করাই সুন্নত এবং আমরা যে কিয়ামতের একেবারে নিকটবর্তী জামানায় বাস করছি, তার প্রমাণ হাদীসসমূহে মওজুদ আছে। নবীজী (সা:) – এর জামানাতে একটু ঝড়ো হাওয়া বইলেই সাহাবাগণ মনে করতেন কিয়ামত এসে গেলো বিনা। আজ চৌদ্দশত বছর পরের মুফতি সাহেবরা বলছেন, এগুলো এখনো অনেক দেরি আছে। আলেমদের মধ্যে এই অবস্থা আসল কিভাবে? একটু দেখুন.....

- মাদরাসায় সীমিত কিছু বিষয় পড়ানো হয়। দুইজন মুফতি সাহেবকে ইসলামের দাসদাসী প্রথা নিয়ে জিজ্ঞাসা করা হলে তারা জবাব দিয়েছে, এগুলো তাদের পড়ানো হয় না। বরং এগুলো নিয়ে ওস্তাদদেরকে জিজ্ঞাসা করলে তারাও বিষয়গুলো এড়িয়ে যান।

এক হাদীসে নবীজী (সা:) এরশাদ ফরমান,

حُبُّ الدُّنْيَا رَأْسُ كُلِّ خَطِيْئَةٍ

অর্থ: সকল ক্ষতির মূল কারণ হলো দুনিয়ার মহব্বত।

আরেক হাদীসে এসেছে, দুই তিনিস মানুষের ধ্বংসের কারণ। ১. দুনিয়ার মহব্বত এবং ২. অক্ষমতার মহব্বত।

এই দুনিয়ার মহব্বত এতোই ক্ষতিকর যে, এর কারণে মানুষ দ্বীন সম্পর্কে অজ্ঞ থাকতে পছন্দ করে। দ্বীন সম্পর্কে জানতে ইচ্ছে হয় না। দ্বীনি কিতাব অধ্যয়ন করাকে অপ্রয়োজনীয় মনে হয়। এমনকি আলেম সমাজ পর্যন্ত দ্বীনের সকল অংশ নিয়ে অধ্যয়ন করতে রাজি নয়। দ্বীনকে কেবল নামাজ - রোজা ও কিছু ইবাদাতের মধ্যে সীমিত করে ফেলা হয়েছে। সাহাবায়ে কেরামের জিন্দেগী অবলম্বন করাকে অসম্ভব মনে করা হয়। যুক্তি দেখানো হয়, এই জামানায় সাহাবাদের অনুসরণ করা যাবে না। আমাদের নিকটবর্তী আকাবিরদের অনুসরণ করতে হবে। এসব কথার দলীল কোথায়? অথচ আল্লাহ তা'আলা বলেন,

اٰمِنُوْا كَمَا اٰمَنَ النَّاسُ

অর্থাৎ তোমরা সাহাবায়ে কেরামের মত ঈমান আন।
[সূরা বাকারা : ১৩]

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

একই সূরার অন্যত্র আল্লাহ তা'আলা ইরশাদ করেন,

فَإِنْ آمَنُوا بِمِثْلِ مَا آمَنْتُمْ بِهِ فَقَدِ اهْتَدَوْا

অর্থাৎ এরা (মানুষেরা) যদি তোমাদের (সাহাবাদের) মত ঈমান আনত, তাহলে তারা অবশ্যই সঠিক পথ পেতো। [সূরা বাকারা : ১৩৭]

বর্তমানে আমরা মৃত্যুকে নিয়ে চিন্তা করতে রাজি নই। জিহাদের নাম শুনলেই মৃত্যুর ভয়ে মেয়ে বসে। ফলে যালেম শাসকের সামনে হক কথা বলার মত সাহস আর থাকে না। মৃত্যু এসে পড়ুক কিংবা কিয়ামত দ্রুত হয়ে যাক, নফস তখন এটা পছন্দ করে না। আমরা আমাদের সামর্থ্যের মধ্যে সম্ভব এরকম সকল খাহেশ পূরণ করে ফেলি। আর যেটি সামর্থ্যের বাইরে সেটির জন্য আফসোস করি। নিজেদের দুর্গতির জন্য আমরাই দায়ী।

ইমাম আবু হানিফা (রহ:) ইলমকে বিভক্ত না করলেও পরবর্তীতে অধ্যয়নের সুবিধার জন্য একে ইলমে আকাইদ, ইলমে ফিকাহ ও ইলমে তাসাউফ - এই তিন ভাগে বিভক্ত করা হয়। ইলমে তাসাউফ প্রত্যেক মুসলমানের জন্য ফরজে আইন, যা এই জামানা থেকে প্রায় উঠিয়ে নেওয়া হয়েছে। ইলমে আকাইদ ঐ সমস্ত জ্ঞানকে বলা হয় যার উপর বিশ্বাস স্থাপনের মাধ্যমে মুসলমানের ঈমান মজবুত হয়। আর ইলমে ফিকাহ বলতে সাধারণভাবে আমরা মনে করি ঐ সকল মাসআলা জানা যা বিভিন্ন আহকামের সাথে সম্পর্কিত এবং বর্তমানে আলেম বলতে আমরা তাদেরকেই বুঝি যারা বিভিন্ন আহকামের মাসআলা জানেন। কিন্তু আসলেই কি ব্যাপারটা এরকম? দ্বীন ইলম হাসিল করা কি মাসআলা জানারই নাম মাত্র? সাধারণভাবে কোনো আলেমকে যদি জিজ্ঞাসা করা হয় যে, ইলমে ফিকাহ বলতে কী বুঝায়? তাহলে তাদের অধিকাংশই এ উত্তর দিবে যে, দ্বীন সম্পর্কিত সকল বিষয়ের মাসআলা সম্পর্কে বিস্তারিত জ্ঞান লাভ করাকে ইলমে ফিকাহ বলে। অথচ ইমাম আবু হানিফা এরকম মনে করতেন না। তিনি বলেন, ইলমে ফিকাহ হলো ঐ ইলম যাতে মানুষ নিজের করণীয় কাজকে বুঝে নেয় এবং ঐ সকল কাজকেও বুঝে নেয় যা থেকে বেচে থাকা তার জন্য জরুরি। অর্থাৎ পাক-নাপাকি / নামাজ - রোজা ও হজ্জ - যাকাতের মাসআলা - মাসায়েল জানাকেই দ্বীন অনুধাবন করা বলা যাবে না। বরং দ্বীনের সত্যিকার অনুধাবন হলো একজন মুসলমান হিসেবে আমার প্রতিটি কথা ও কর্ম এবং যাবতীয় গতিবিধি কেমন হওয়া উচিত, দুনিয়ার এই হায়াতকে কীভাবে ব্যবহার করা উচিত। যখন আল্লাহ তা'আলার সামনে

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™
Insulin Human (rDNA) USP
Pen Cartridge

হাশরের ময়দানে আমাকে দন্ডায়মান হতে হবে তখন আল্লাহ পাক যাতে আমার উপর নারাজ না থাকেন, এ চিন্তা যেন আমাকে মশগুল রাখে। যখন আমি আমার প্রতিটি কদম ফেলার আগে খেয়াল করি, এক্ষেত্রে আল্লাহ পাকের কী হুকুম, নবীজী (সাঃ) - এর কী সুন্নত এবং সাহাবীদের কী উদাহরণ। তিনি এ অনুভূতি যার আসবে কেবলমাত্র সেই দ্বীন বুঝতে সক্ষম হয়েছে এবং কেবলমাত্র এ ব্যক্তিকেই আলেম বলা যাবে। হাদীসে আছে,

قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " بَدَأَ الإِسْلاَمُ غَرِيبًا وَسَيَعُودُ كَمَا بَدَأَ غَرِيبًا فَطُوبَى لِلْغُرَبَاءِ

অর্থ: ইসলাম শুরুতে অপরিচিত ছিলো, আবার খুব শীঘ্রই অপরিচিত হয়ে যাবে যেমন শুরুতে ছিলো। সুতরাং, সুসংবাদ অপরিচিতদের জন্য। [সহীহ মুসলিম, হাদীস -২৩২]

ইসলামকে মানুষ চিনতো না। ইসলাম দুনিয়াতে বিস্তার লাভ করে সাহাবাদের কুরবানির বদৌলত। সাহাবায়ে কেরাম আল্লাহকে ভয় করতেন, যদিও তাদের সকলে বয়ান করতে জানতেন না বা ফতওয়া দিতে পারতেন না বা কুরআনের হাফেজ ছিলেন না। কিন্তু তারা অবশ্যই আলেম ছিলেন। তাদের মেহনত ও কুরবানির বিনিময়ে মদিনার ইসলাম যা সারা দুনিয়ার নিকট অপরিচিত ছিলো, তা সারা দুনিয়াতে পৌঁছে যায়।

হাদীসে এরশাদ হয়েছে,

إِنَّ الْعُلَمَاءَ وَرَثَةُ الأَنْبِيَاءِ إِنَّ الأَنْبِيَاءَ لَمْ يُوَرِّثُوا دِينَارًا وَلاَ دِرْهَمًا إِنَّمَا وَرَّثُوا الْعِلْمَ فَمَنْ أَخَذَ بِهِ أَخَذَ بِحَظٍّ وَافِرٍ

অর্থ: নিশ্চয়ই আলেমগণ নবীদের ওয়ারিশ। আর নবীগণ ওয়ারিশদের জন্য দিনার বা দিরহাম রেখে জান না, বরং তারা ইলম রেখে যান। সুতরাং যে তা গ্রহণ করলো সে বড় সৌভাগ্য গ্রহণ করলো।

[সুনান আত তিরমিযী, ৫ম খন্ড, পৃ-৪৮, হাদীস: ২৬৪২]

বর্তমানে প্রয়োজনীয় এলেমকে আগে শিক্ষা করানো হয়না বা গুরুত্ব দেয়া হয়না। মাদরাসায় কেবল আকীদার কিছু বিষয়, আরবী, উর্দু ফারসী ভাষাতত্ত্ব, যের-যবর-পেশ্ন ছাড়া এবারত পড়তে পারার যোগ্যতা অর্জনের জন্য প্রয়োজনীয় ইলম শিখানো হয়। তাফসীর ও হাদীসের ছয় কিতাবের মাঝখান হতে কোনোমতে একবার নাযেরা পড়তে পারলেই আপনি আলেম। কী শিখলেন, কী আমল করলেন কেমন মানসিকতা গড়ে উঠল, আল্লাহ-র ভয় কতটুকু পয়দা হলো, আল্লাহ-র মহব্বত কতটুকু পয়দা হলো, দুনিয়া কতটুকু ছাড়তে পারলেন, জিহাদ করতে পারবেন কিনা, মৃত্যুর ভয় দূর হলো কিনা, আখিরাতকে সামনে রেখে চলছেন কিনা,

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Insulin Human (rDNA) USP Pen Cartridge

উম্মতের ফিকির এলো কিনা সেগুলো বিষয় নয়। পাশ করেছেন তাতেই আলেম হয়ে গেলেন। আলেমরা যদি কেবল মাসআলার ওয়ারিশ হয়ে থাকে, তাহলে নবীজী (সা:) -এর আখলাকের ওয়ারিশ কারা? নবীজী কি কেবল নামাজ - রোজা নিয়ে এসেছিলেন? শুধুই কি কুরআন তিলাওয়াত নিয়ে এসেছিলেন? সাহাবীদের মধ্যে কুরআন তিলাওয়াতের প্রতিযোগিতা করে টাকা ও আন্তর্জাতিক পদক অর্জন করা শিক্ষা দিয়েছিলেন? মদিনার মসজিদে কেবল হালকার যিকির করা শিখিয়েছিলেন? সা'দ বিন হিশাম আয়েশা (রা:) কে প্রশ্ন করলেন, হে মু'মিনদের আম্মা, আমাকে নবীজীর আখলাক সম্পর্কে বলুন। আয়েশা (রা:) তাকে জিজ্ঞাসা করলেন, তুমি কি কুরআন পড়ো না? সা'দ বিন হিশাম বললেন হ্যা। তখন আয়েশা (রা:) বললেন, কুরআনই হলো নবীজী (সা:) - এর আখলাক। কুরআনই হলো সকল ইলমের উৎস। আর যারা নবীজীর পবিত্র জিন্দেগীকে নিজের জিন্দেগী বানাবে কেবল তারাই হলো নবীজী (সা:) - এর ওয়ারিশ। কেবলমাত্র তারাই আলেম।

কোনো এক মাহফিল সম্পর্কে একজন একটি কমেন্ট করেন সোশ্যাল মিডিয়াতে। কমেন্ট ছিল এরকম :

"হুজুর হেলিকপ্টারে চেপে আমাদের মাহফিলে আসিলেন। মঞ্চে বসিয়া মধুর কণ্ঠে বয়ান করিলেন, নবীজী (সা:) কোনো দিন পেট ভরিয়া খানা খান নাই মৃত্যুর পূর্ব পর্যন্ত যবের রুটি পরপর দু'বেলা পেটেতে পান নাই, ঘরে একটানা তিন মাস পর্যন্ত চুলা জ্বালানোর মতো কিছুই থাকিতো না। এ সমস্ত বয়ান করিয়া হুজুর নিজেও খুব কাঁদিলেন, শ্রোতাদেরকেও খুব কাঁদাইলেন। বয়ান শেষ করিয়া হুজুর ভুনা খাসী, মুরগীর রোস্ট, গরুর গোস্ত ও রুই মাছ দ্বারা কয়েক প্লেট পুলাও খাইলেন। তারপর এক লক্ষ টাকা পকেটে লইয়া হেলিকপ্টারে চড়িয়া বসিয়া চলিয়া গেলেন।

এরকম দুনিয়াদার আলেমদের অবস্থা দেখেই হয়তো সাধারণ মানুষ আলেমদের উপর আস্থা রাখতে পারে না। যারা দ্বীন বিক্রি করে দুনিয়া হাসিল করে চলেছে তারা কী করে আলেম হয়? তাই মুসলমানের উপর আযাব কেনো আসবে না? উমর (রা:) বলেন, এ উম্মতের উপর মুনাফেক আলেমদের ব্যাপারে আমার সবচেয়ে বেশি ভয় হয়। একজন জিজ্ঞাসা করলো, মুনাফেক আলেম কারা? তিনি বললেন, মুখে আলেম কিন্তু দিল ও আমলের হিসাবে জাহেল। উমর (রা:) আরো বলেন, যে আলেমকে দুনিয়ার সাথে মহব্বত করতে দেখো, ধরে নিবে যে, তার দ্বীন ত্রুটিযুক্ত।

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

কেননা যে যেই জিনিসের প্রতি মহব্বত রাখে তার মধ্যেই সে প্রবেশ করে।

سَيَأْتِي عَلَى النَّاسِ زَمَانٌ لَا يَبْقَى مِنَ الْإِسْلَامِ إِلَّا اسْمُهُ، وَمِنَ الْقُرْآنِ إِلَّا رَسْمُهُ. مَسَاجِدُهُمْ يَوْمَئِذٍ عَامِرَةٌ وَهِيَ خَرَابٌ مِنَ الْهُدَى. عُلَمَاؤُهُمْ شَرُّ مَنْ تَحْتَ أَدِيمِ السَّمَاءِ، مِنْهُمْ خَرَجَتِ الْفِتْنَةُ وَفِيهِمْ تَعُودُ

[তাফসীরে কুরতুবী, খন্ড-১২, পৃষ্ঠা-২৮০]

অর্থ: মানুষের উপর এমন একটি জামানা আসবে, যখন ইসলামের নাম ব্যতীত কিছুই বাকী থাকবে না। কুরআনের অংকিত হরফ ব্যতীত কিছুই বাকী থাকবে না। মাসজিদগুলো সুসজ্জিত থাকবে, কিন্তু সেখানে হেদায়াত থাকবে না। তখনকার আলেমরা আসমানের ছায়ার নিচের নিকৃষ্টতম বান্দা হবে। এদের থেকেই ফিতনা ছড়াবে এবং সেই ফিতনাতে নিজেরাই পতিত হবে।

বাংলাদেশের একজন স্বনামধন্য আলেম, হেফাজতে ইসলামের মুরুব্বীও থাকেন আবার টঙ্গী ইজতেমার মুরুব্বীও ছিলেন। ইমাম মাহদির তার সাথে দেখা হয়েছিলো যখনই দেখা হয়েছে, তাকে কখনো এক জামা দ্বিতীয় বার ব্যবহার করতে দেখেছেন বলে ইমাম মাহদির মনে পড়ে নি। ইমাম মাহদি তাকে জিজ্ঞাসা করেছিলেন তাঁর পাঞ্জাবী কয়খানা। তিনি একটু অনন্দ বা গর্ব করেই বললেন, হিসাব নেই। কমপক্ষে ৪০-৫০ টা হবে। ইমাম মাহদি জিজ্ঞাসা করেছিলেন, এটি আমার নবীর সুন্নতের মধ্যে পড়ে কিনা। তিনি বললেন, এখন কি আগের জমানা আছে! এখন ঐ জমানা যে, আলেমরা পকেট গরম করে বেরুবে, হাতে থাকবে আইফোন। তারপর তাঁর হাতের ঘড়িটা দেখিয়ে দিয়ে বললেন, এ রকম ঘড়ি থাকবে হাতে যার মূল্য দেড় লক্ষ টাকা।

সাঈদ বিন জুবাইর (রাঃ) - কে কেউ জিজ্ঞাসা করলো, হে আবু আব্দুল্লাহ। মানুষের ধ্বংস হবার আলামত কী? তিনি বললেন, তাদের আলেম সমাজ ধ্বংস হয়ে যাওয়া।

কায়েদ হাতেম (রহঃ) একবার হজ্জসফরে এক এলাকায় খবর পান যে, এ এলাকার সবচেয়ে বড় আলেম কাজি কায়েদ মুহাম্মাদ ইবনে মুকাতিল অসুস্থ। খবর পেয়ে তিনি স্থানীয় এক ব্যবসায়ীকে সাথে নিয়ে তাকে দেখতে গেলেন। কাজি সাহেবের বাড়িতে পৌঁছে কায়েদ হাতেম স্তম্ভিত হয়ে গেলেন। কাজি সাহেবের বাড়ি এক বিজ্ঞান মহল!

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

ব্যাপারটা তার ভালো লাগল না। একজন আলেম কিনা মহলে বাস করেন। তিনি ভিতরে যাওয়ার অনুমতি চাইলে তাকে ভিতরে নিয়ে যাওয়া হলো। ভিতরের অবস্থা দেখে হাতেম সাহেবের মন খারাপ হয়ে গেল। সেখানেও এক আলিসান অবস্থা এবং কাজি সাহেব গোলামদের ভিড়ের মাঝে শুয়ে আছেন। শায়েখ হাতেম তখন জিজ্ঞাসা করলেন, আপনি ইলম কার নিকট হতে শিখেছেন? তিনি বললেন, নির্ভরযোগ্য আলেমদের নিকট হতে। শায়েখ হাতেম আবার জিজ্ঞাসা করলেন, সেই আলেমগণ কার নিকট হতে ইলম শিখেছেন? তিনি বললেন সাহাবায়ে কেরাম হতে। একপর্যায়ে শায়েখ হাতেম বললেন সেই ইলমের দোষও কী এ কথা বর্ণিত হয়েছে, যে ব্যক্তির বাড়ি যত উঁচু ও বড় হবে তার মর্যাদা আল্লাহ পাকের নিকট সে রকম উঁচু হবে? কাজি সাহেব বললেন, না, এ কথা সেই ইলমের মধ্যে নেই। শায়েখ হাতেম জিজ্ঞাসা করলেন, তাহলে আপনি কার অনুসরণ করছেন? নবীজী (সা:)-কে? নবীজী (সা:)-এর সাহাবায়ে কেরামকে? মুহাক্কিক আলেমে কেরামকে? নাকি ফিরআউন ও নমরুদদেরকে? ওহে মন্দ আলেমের দল! আপনাদের মতো লোকদেরকে দেখে জাহেল দুনিয়াদাররা যারা দুনিয়ার নেশায় মত্ত, তারা এ কথা বলে যে, যখন আলেমদের এ অবস্থা তখন আমরা তো তাদের চেয়ে বেশি খারাপ হবোই।

ইমাম মাহদির নাম ও আবির্ভাবের সময়

مشتق محمد ارمان خان

مشتق : 100 + 400 + 300 + 40 = 840
= 8 + 4 + 0 = 12
مشتق অর্থ উদ্ভূত। অর্থাৎ এর একটি উৎস আছে।

المهدى من عترتى من ولد فاطمة

অর্থ : আল মাহদি আমার পরিবারের, ফাতিমার সন্তানদের মধ্য থেকে। [সুনান আবু দাউদ, হাদিস নং- ৪২৩৫]
যদি হাদিসে বর্ণিত ولد فاطمة -এর মানটা দেখা যায়,
ولد فاطمة : 400 + 40 + 9 + 1 + 80 + 4 + 30 + 6 = 570 = 5 + 7 + 0 = 12
তাহলে তা আসে ১২ যা কিনা مشتق এর সমান।

محمد : 4 + 40 + 8 + 40 = 92 = 9 + 2 = 11

ارمان : 50 + 1 + 40 + 200 + 1 = 292 = 2 + 9 + 2 = 13

انّى جاعل فى الارض خليفة

অর্থ : নিশ্চয়ই আমি জমিনে খলিফা প্রেরণ করবো।

[সূরা বাকারাহ, আয়াত - ৩০]

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

অর্থাৎ, জমিনে خَلِيفَة প্রেরণ করা হলো আল্লাহ তা'আলার তামান্না। ارمان শব্দের অর্থ হলো তামান্না।

خَلِيفَة : 400+80+10+30+600
= 1120 = 1+1+2+0 = 11+2
= 13

দেখা যাচ্ছে خَلِيفَة এবং ارمان এর মান সমান।

خان : 50+1+600 = 651 = 6+5+1 = 12

ব্রিটিশ আমলে যে সমস্ত জায়গীর রাজা-বাদশাহদের নিয়োগ দেয়া হত তন্মধ্যে মুসলিম রাজাদের خان উপাধি দেয়া হয়েছিল। তাহলে خان মানে হলো বাদশাহ। আর اللّٰه হলেন সকল বাদশাহের বাদশাহ। اللّٰه এবং خان এর মান সমান।

اللّٰه : 1+30+30+5 = 66 = 6+6 = 12

খেয়াল করে দেখুন। নামটির একটি সুন্দর অর্থ আসে।

خان ارمان محمد مشتق
↓ ↓ ↓ ↓
اللّٰه خَلِيفَة محمد فاطمة و ل د

ফাতিমা রাদিয়াল্লাহু আনহার সন্তান, মুহাম্মাদ, আল্লাহ'র খলিফা।

چون سال بهتری از کان زهو قاید
مهدی خروج سازد در مهد مهد یاند

অর্থ: কানা যাদুকর প্রকাশ ঘটার সালেই প্রতিশ্রুত ইমাম মাহদি দুনিয়ার বুকে হবেন আবির্ভূত।
[ব্রাসীদায়ে শাহ নিয়ামতউল্লাহ]

পবিত্র কুরআনের সূরা বনী ইসরাইলের ৮১ নং আয়াতে উল্লেখ আছে এই كان زهو قا -র। যদি আবযাদ মানটা দেখা যায়,

كَانَ : 50+1+20 = 7 = 7+1 = 8

زَهُوقَا : 1+100+6+5+7 = 119 =
1+1+9 = 11

كان زهو قا : 8+11 = 19

মুফাতিক মুহাম্মাদ আরমান খান জন্মগ্রহণ করেন ৩০ মে ১৯৮১ ইংরেজী সালে। আর, ১৯৮১ = ১+৯+৮+১ = ১৯। তাহলে দেখা যাচ্ছে ইমাম মাহদি ১৯৮১ সালেই দুনিয়াতে আবির্ভূত হয়েছেন যা ব্রাসীদা দ্বারা সমর্থিত।

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge

পূর্ব মানে পূর্বই

কেয়ামতের আলামতসমূহের উপর লিখা আরব বিশ্বে সর্বাধিক পঠিত কিতাব হচ্ছে ড. মুহাম্মাদ ইবনে আব্দুর রহমান আল-আরিফি সাহেবের লিখিত কিতাব "THE END OF THE WORLD" কিতাবটি। এ কিতাবে লেখক একাধিকবার ইবনে কাছীর (রহ.) -এর মতটিকে তুলে ধরেছেন এবং ইমাম মাহদীর মদীনায় জন্মগ্রহণ করার বিষয়টি তিনি এড়িয়ে গেছেন। যেমন তিনি ২৪৬ পৃষ্ঠায় উল্লেখ করেছেন, ইবনে কাছীর (রহ.) বলেন - "প্রকৃত মাহদী প্রাচ্য থেকে আত্মপ্রকাশ করবেন। ছামারার ভূ-গর্ভস্থ কক্ষ থেকে নয়। যেমনটি রাফেযী সম্প্রদায় মনে করে থাকে।....."

এখানে লক্ষ্যণীয় বিষয় হলো, ইমাম মাহদী সা. ক্রান্ত হাদীসগুলো মাদানী হাদিস। কেননা হযরত হাসান (রা.) এবং হযরত হুসাইন (রা.) -এর জন্ম মদীনায়। যারা অক্ষাংশ ও দ্রাঘিমাংশ সম্পর্কে ধারণা রাখেন, তারা হয়তো অবাক হবেন। মদীনার অক্ষাংশ = ২৪.৪৭০৭০১° উত্তর এবং হযরত যেই শহরে জন্মগ্রহণ করেছেন তার অক্ষাংশ হলো = ২৪.৪৮° উত্তর। মদীনা থেকে সরলরেখা বরাবর সোজা পূর্বদিকে একই অক্ষরেখার উপর অবস্থিত আরমান খানের জন্মস্থান। অর্থাৎ, পূর্ব মানে পূর্বই।

তাহলে ইলম কি?

ইলমের হাকীকত : হযরত ইমাম মালেক (রহঃ) বলেন, অধিক পরিমাণে বয়ান = বর্ণনা করতে পারার নাম ইলম নয়, বরং প্রকৃত পক্ষে ইলম হলো একটি নূর যা মহান আল্লাহ মানুষের অন্তরে অবতীর্ণ করে থাকেন।
মেশকাতুল মাসাবীহ কারীফে বর্ণিত আছে - হাসান (রা) হতে বর্ণিত রয়েছে, ইলম দু'প্রকার। যথা - ইলমে তাসাউফ এবং ইলমে শরীয়ত। উভয় প্রকার ইলম হাসিল করতে হবে। দ্বিতীয় প্রকারের ইলম, তা হলো ইলমুল্লিছান বা মৌখিক ইলম অর্থাৎ যা শুধুমাত্র শিক্ষা করা হয়েছে। এ ইলম মানুষের বেশির আল্লাহ তা'আলার দলীল স্বরূপ হবে। কারণ যথাযথরূপে প্রতিপালন করতে না পারলে মাফ্রেফত লাভ হয় না। মাফ্রেফত শিক্ষা না করতে পারলে কারীয়ত যথাযথরূপে আদায় হয় না। উভয়কে সংরক্ষণের জন্য উভয়ের দরকার। ইমাম মালেক (রহ:) লিখেছেন, যে ব্যক্তি শুধু ফিকাহ শিক্ষা করেছে কিন্তু তাসাউফ শিক্ষা করেনি সে ব্যক্তি ফাসেক। হযরত মোজাদ্দেদে আলফেসানি সাহেবের মকতুবাতে ইমাম রব্বানী নামক কিতাবে লিখিত আছে - হযরত রাসূলে করীম (সা:) বলেছেন, আলেমগণ পয়গাম্বরগণের উত্তরাধিকারী। অর্থাৎ - আম্বিয়াগণ যে ইলম প্রাপ্তিতে শেষ পৌঁছেন, তা দু'ভাগে বিভক্ত। প্রথম : ইলমে কারীয়ত বা বাহ্যিক জ্ঞান; দ্বিতীয়ঃ ইলমে আসরার বা তত্ত্ব-জ্ঞান। যিনি মাত্র এক প্রকারের ইলমের অধিকারী হয়েছেন তিনি পয়গাম্বরের যথার্থ ওয়ারেস নন। যেহেতু পবিত্র সম্পত্তির যাবতীয় বিভাগ হতে অংশাধিকারী হওয়াকেই ওয়ারেস বলে। আর যিনি পবিত্র সম্পত্তির কোন নির্দিষ্ট অংশ পাবার অধিকারী হবেন তিনি গরীব বা সম্পত্তি বিভাগে আংশিক অধিকারী মাত্র।

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge

আল্লাহ-র রসূল (সা:) বলেছেন — "আমার আলেম বনী ইসরাইল বংশীয় নবী পয়গম্বরগণের মতো।"
এ হাদীসের মর্মেও বিভিন্নবিধ ইলমের অধিকারীগণকেই আলেম বলে নির্দেশ করা হয়েছে। যারা কোন এক বিষয় মাত্র লাভ করেছেন তা তারা নয়। এ প্রকার অভিমত ব্যক্ত করেছেন আল্লামা আলী মরহুম সাহেব তার "কওলুচ্ছাবিত" নামক কিতাবে লিপিবদ্ধ করে গেছেন। ঐ ছাড়া মরহুম সাহেব তদীয় "জাদুল হাকাএয" নামক কিতাবে হাদীসে জিবরাইলের (আ:) -এর মর্মে লিখেছেন — ইসলাম, ঈমান ও ইহসান, এ তিনটি মিলে দ্বীন বা শরীয়ত। তিনি আরও লিখেছেন যে, তাসাউফ, ফিকাহ এবং আকাইদ প্রভৃতি সমাধানের জন্য এবং এর যথার্থরূপে প্রতিপালনের জন্য একটি অন্যটির দিকে বিশেষভাবে মুখাপেক্ষী। এর মূলে একটি হতে অপরটি ভিন্ন এবং একটি ছাড়া অন্যটি পূর্ণ হতে পারে না।

إنما يخشى الله من عباده العلماء

অর্থ: নিশ্চয়ই আল্লাহ পাকের বান্দাদের মধ্যে কেবল আলেমগণই আল্লাহকে ভয় করে। [৩৫ সূরা ফাতির: ২৮]

এ পবিত্র আয়াত শরীফে যে 'উলামা' শব্দ ব্যবহৃত হয়েছে তা সাধারণত যে অর্থে উলামা শব্দ ব্যবহৃত হয়ে থাকে, সে অর্থবোধক নয়। যারা কিতাব পড়ে বিদ্যার্জন করেছেন তারা কুরআনের বর্ণিত 'আলেম' পদবাচ্য হতে পারবেন না। বরং যারা আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার মহিমায় জাত ও অসীম গৌরবমন্ডিত মহাবলীকে ইমান ও জ্ঞান-গবেষণার উজ্জ্বল আলোকে হৃদিতে অবলোকন করেছেন, তারাই প্রকৃত আলেম নামের যোগ্য। আয়াতটির ব্যাখ্যায় তাফসীরে ইবনে কাসিরে লিখিত আছে — আবি মাসরেদ (রা.) বলেছেন, "বহু সংখ্যক হাদীস জানলে যে ব্যক্তি আলেম হয় না। বরং যাঁর মধ্যে খোদাভীতি অধিক, সে ব্যক্তিই আলেম।" আহমদ ইবনে সালেহ মিসরী বলেছেন — অধিক রেওয়ায়েত শিক্ষা করলে ইলম অধিক হয় না। ইলম একটি নূর। এটা আল্লাহ তা'আলা মানুষের অন্তঃকরণে দান করেন। দেখুন, আলেমগণ তিন ভাগে বিভক্ত। আলেম বিল্লাহ, আলেম বি-আমরিল্লাহ এবং জেয়াদ। যারা শুধু আলেম বিল্লাহ তারা শুধুমাত্র আল্লাহকেই জানেন কিন্তু আদেশ-নিষেধ জানেন না। যারা আলেম বি-আমরিল্লাহ তারা শুধু আদেশ-নিষেধ জানেন কিন্তু আল্লাহকে ভয় করেন না। সেই প্রকার আলেমই প্রকৃত আলেম যারা একই সাথে আলেম বিল্লাহ ও আলেম বি-আমরিল্লাহ অর্থাৎ যারা আল্লাহ-র আদেশ-নিষেধ জানেন এবং আল্লাহকে ভয়ও করেন।

AnsuPen™ Ansulin™ Pen Cartridge

এই আয়াতের উপর ভিত্তি করে বর্তমান যামানায়
সার্টিফিকেট ওয়ালা ওলামারা নিজের মধ্যে আল্লাহ'র ভয়
আছে বলে দাবী করেন। যেহেতু আল্লাহ বলেছেন, আলেমরাই
আমাকে ভয় করে আর আমি যেহেতু আলেম হয়েছি, তাই
আমি আল্লাহকে ভয় করি। বাহ! কি যুক্তি! ভয়ের প্রকৃত স্বরূপ
কী? অনেকেই মনে করেন, আল্লাহ তা'আলার 'বড়ত্ব ও প্রতাপ'
স্মরণের ফলে দীলের মাঝে যে অবস্থা উৎপন্ন হয়, তাকে তাকওয়া
বা আল্লাহর ভয় বলে। না, এটি মোটেও ভয়ের সংজ্ঞা নয়।
আল্লাহ'র ভয় বা তাকওয়ার প্রকৃত সংজ্ঞা হলো - 'আল্লাহ
তা'আলার বড়ত্ব ও প্রতাপ স্মরণের ফলে দীলের মাঝে
উৎপন্ন অবস্থার কারণে যদি আল্লাহর নাফরমানী ছেড়ে দেয়া
হয় এবং তাঁর হুকুম - আহকাম মানতে নিজেকে বাধ্য করা
হয়, তবেই তাকে আল্লাহর ভয় বা তাকওয়া বলা হবে।'
তো, আমার মধ্যে ভয় পয়দা হয়েছে কিনা বুঝব কিভাবে?
আমার ভিতর ভয় পয়দা হওয়ার আলামত কি এটি যে, আমি
মাদরাসায় পড়ে সার্টিফিকেট লাভ করেছি। না, কক্ষণো না।
ভালো করে বুঝে নিন, "ভয়" দাবী করার বিষয় নয়, প্রমাণ
করার বিষয়। সেই ভয় তো ভয় নয়, যেই ভয় আমাকে
গুনাহ থেকে বাচায় না, দুনিয়া ছাড়তে বাধ্য করে না, শেষ
পরিণতির চিন্তায় অস্থির করে তুলে না, দুনিয়ার মহব্বত দূর করে না,
হক কথা বলার সাহস যোগায় না, জিহাদের ময়দানে নিয়ে যায় না।

ইলম হাসিলের তরীকা

হযরত ইমাম গাযযালি (রহ:) বলেন, দিন-রাত্রির মধ্যে একবারের বেশি আহার করা সঙ্গত নয়। দুই দিনে এক সন্ধ্যা আহার করাই শ্রেষ্ঠ বৈরাগ্য (যুহদ)। একদিনে দুইবার আহার করলে বৈরাগ্য থাকে না। সে ব্যক্তি ইলমের নূর পাবে না, যে তিনদিনের কম সময় পর পর পানাহার করে। [এহইয়াউ উলুম, কিমিআয়ে সাআদাত]

নফসকে কাহিল করার উপায় হলো এটাকে ভুখা রাখতে হবে। যত বেশি এটাকে ভুখা রাখা যাবে এটা তত বেশি নিস্তেজ হয়ে যাবে ইনশাআল্লাহ। তখন এর মধ্যে আনুগত্য পয়দা হবে। আজ মুসলিমরা রকমারি মজাদার খাবার খেয়ে খেয়ে নফসকে খুব শক্তিশালী করে ফেলেছে। তাই সারা দুনিয়ার মুসলিম আজ এতো গুনাহে লিপ্ত ও দ্বীন থেকে দূরে। এ কারণেই মুসলিমরা দুনিয়াতে অত্যাচারিত হওয়া সত্ত্বেও আল্লাহ-র সাহায্য থেকে দূরে। এক সাহাবী একবার নবীজী (সা:) যোহরের নামাজ পড়ে ঘরে এসে নাস্তা খেলেন, সকাল ১০টার দিকে বনু হাশিম গোত্রের কয়েকজন লোক নবীজী (সা:)-র সাথে দেখা করতে আসলে তাদেরকে তিনি মেহমানদারি করলেন এবং তাদের সাথে তিনিও চা-নাস্তা করলেন। তারপর দুপুরে লাঞ্চ করলেন, বিকালে একটু ক্ষুধা অনুভব হতেই কিছু চা-নাস্তা খেলেন এবং ইশার নামাজের পর ডিনার করে বিছানায় গেলেন।.....

— হা হা হা! এই রকম হাদীস কোথায় আছে? আমরা যে তিন বেলা খানা খাই কুরআন বা হাদীসের কোথায় এই নিয়ম লেখা আছে?

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge

আল্লাহ তা'আলা তাঁর হাবীব (সা.)-কে দিনের পর দিন না খাইয়ে রাখতেন অকারণে নয়। অকারণে সাহাবায়ে কেরাম ক্ষুধা দিন পার করতেন না। এটা এক আত্মমুক্তান আমল, যা যমিন থেকে হারিয়ে গেছে। ক্ষুধা থাকার দ্বারা আল্লাহ রাহে ও শরীরে শক্তি দান করেন। রাসূলুল্লাহ (সা.) হযরত আয়েশা (রা.)-কে বলেছিলেন, "হে আয়েশা! তুমি দিনে একবারের বেশি আহার করো না, দিনে একবারের বেশি আহার করা অপচয়।" শয়তানী স্লোগান চলছে যে, উম্মত এখন দুর্বল, তাই কম খেয়ে সাধনা করা যাবে না। বেশি বেশি খেয়ে বেশি বেশি দ্বীনি কাজ আঞ্জাম দিতে হবে। হযরত আয়েশা (রা.) বলেছেন, রাসূলুল্লাহ (সা.)-এর ওফাতের পর প্রথম যে বিদআত চালু হয়েছে, তা হলো পেট ভরে আহার করা। বর্তমান সময়ে কোন্ আলেম আছেন, যিনি দুইবেলা বা তিনবেলা পেট ভরে আহার করাকে বিদআত মনে করেন? অথচ হাদীসে এসেছে, "সকল বিদআতই পথভ্রষ্টতা।" এজন্যই আজ যমিন থেকে ইলম উঠিয়ে নেয়া হয়েছে। মাদরাসার শিক্ষকরা তা মানুন বা না মানুন। এটা আর যাই হোক, নবুয়তের যামানার ইসলাম নয়। আহ!

তাহলে জেনে রাখুন

ক্ষুধা থাকা ইলম হাসিলের শর্ত

আমাদের সুফফার সাহাবী রাদিয়াল্লাহু আনহুম দিনের পর দিন ক্ষুধার্ত থেকে দ্বীন শিখেছেন। হাদীসের ইমাম আবু হুরাইরা ক্ষুধা থাকতে থাকতে বেহুশ হয়ে পড়ে যেতেন। লোকেরা তাকে পাগল মনে করে ঘাড়ে পদাঘাত করত। ক্ষুধা থাকার দ্বারা কুরআন শক্তির সাথে সাথে অনেক ইলম হাসিল হবে। কুরআন, হাদীসের অন্তর্নিহিত অর্থ ও তাৎপর্যসমূহ প্রকাশ পাবে। ক্ষুধা অবস্থায় তাহাজ্জুদ নামায আদায় করে রাতের বেলায় কী তিলাওয়াত করবে। এতে করে কাশফ হাসিল হবে এবং গায়েবের এমনসব জিনিস নজরে আসবে যা, ঈমানের স্বাদ দিবে ইনশাআল্লাহ। এভাবে আস্তে আস্তে মা'রিফাত হাসিল হবে। যারা বিদআতি ও শয়তানের ভাই তাদেরকে আল্লাহ তা'আলা কিভাবে পথ প্রদর্শন করবেন? ইলমের নূর কিভাবে দিবেন? ইলম তো আর কিছু বাক্য ও শব্দের ভান্ডার নয়, প্রকৃত ইলম হলো দ্বীনের উপলব্ধি। যে ইলম আমাদের জিন্দেগীকে সাহাবাওয়ালা জিন্দেগী বানায় না, আল্লাহর সাথে সম্পর্ক করে দেয় না, তা মোটেও ইলম নয়। বরং জাহিলিয়্যাত। আপনি যত বড় মাদ্রাসা থেকে ফারেগ হোন না কেন, আপনার জন্যও একই কথা। খুব ভাল করে বুঝে নিন — ইলম হলো আল্লাহ-র পরিচয় (মারিফাত) লাভের মাধ্যম। সেই ইলমই প্রকৃত ইলম যা মুমিনের অন্তরে আল্লাহ এবং আল্লাহ'র রাহে জিহাদ করাকে সবচেয়ে বেশী ভালবাসতে শিখায়। সেই ইলমই প্রকৃত ইলম, যা দীল থেকে গাইরুল্লাহ-র ভয় দূর করে এক আল্লাহ'র ভয় তৈরী করে দেয়।

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge

সেই ইলমই প্রকৃত ইলম যা দীলের মাঝে দুনিয়ার হাকীকত পয়দা করে দেয়, দুনিয়া ছাড়তে বাধ্য করে, আখিরাতের স্মরণ পয়দা করে, আখিরাতের প্রতি আগ্রহী করে এবং মৃত্যুর ভয় দূর করে।

ক্ষুধার্ত থাকার উপকারিতা :

* আত্মা নির্মল এবং উজ্জ্বল হয়ে উঠে। পক্ষান্তরে পেট ভরে খাওয়ার দ্বারা আত্মা অন্ধ এবং মেধাশক্তি অকর্মণ্য হয়ে উঠে।
* হৃদয় হালকা হয়, ফলে যিকির এবং মুনাজাতের প্রকৃত স্বাদ পাওয়া যায়।
* ক্ষুধার জ্বালা সহ্য করলে অহংকার এবং গাফলতি দূর হয়।
* ক্ষুধার্ত থাকলে ঘুম কম হয়, মস্তিষ্কে রক্ত চলাচল বৃদ্ধি পায়, মেধা তীক্ষ্ণ হয়, দূরদর্শিতা বৃদ্ধি পায়।
* কম খানাহার করলে অসুখ-বিসুখ হতে হেফাযত থাকা যায়। যেমন — গ্যাসের সমস্যা, প্যারালাইসিস, ডায়াবেটিস, উচ্চ-রক্তচাপ, হার্ট অ্যাটাক, স্থূলতাজনিত রোগ, কোমর ব্যথা, পিঠ ব্যথা, হাটু ব্যথা ইত্যাদি।
* নফস দুর্বল হয়ে অনুগত হয়ে যায়।

ইমাম মাহদিকে কেন চিনতে পারছেন না বলব?

আপনার কী মনে হয়? আমি বলব যে, আপনি এই হাদীস জানেন না, ওই কাসীদা জানেন না এইজন্য ইমাম মাহদি কে চিনতে পারছেন না? জ্বী না। আপনার সমস্যা সম্ভবত অন্য জায়গায়। আপনি সকল ইমাম মাহদি সংক্রান্ত হাদীস শুনে ফেলেও, আপনি পুরো কাসীদা মুখস্ত করে ফেললেও ইমাম মাহদিকে চিনতে পারবেন না। জানি এক জিনিস আর বুঝা এক জিনিস। যারা মুজিযা প্রকাশ পাওয়া সত্ত্বেও আল্লাহ-র রাসুলকে অস্বীকার করেছিল তারা তা কেন করেছিল? আল্লাহ-র মুজিযা কি যথেষ্ট কনভিন্সিং ছিল না? আসলেই কি তারা বুঝে নি, নাকি ব্যাপার অন্য কিছু? ব্যাপার আসলে অন্য কিছু ছিল। সমস্যা তো অনেক। কিন্তু, দুইটা সমস্যাই সম্ভবত সবচেয়ে বড়। বলি আপনাকে,

মানুষ যখন কোনো ফিতনাতে অভ্যস্থ থাকে সে সেই ফিতনাকে মহব্বত করে বিধায় তাতে আসক্ত থাকে। সেখান থেকে বেরিয়ে আসতে চায় না। কেউ তাকে সঠিক রাস্তা দেখাতে চাইলে তাকে সে শত্রু মনে করে।

হযরত হুজাইফা (রা:) বলেন, আমি যা জানি তা যদি তোমাদের সামনে বর্ণনা করি, তাহলে তোমরা তিনভাগে বিভক্ত হয়ে পড়বে। একভাগ আমাকে কতল করবে, একভাগ আমাকে কোনো সাহায্য করবে না এবং একভাগ আমাকে মিথ্যাবাদী বলবে।

নিজে তো জানেন আপনার মতে এই ব্যাধি আছে কি না।

AnsuPen™ Ansulin™ Pen Cartridge

والعاجز من اتبع نفسه
هواها وتمنى على الله

নবীজি (সাঃ) এরশাদ ফরমান, বেওকুফ ঐ ব্যক্তি যে তার নফসের খাহেশের অনুসরণ করে, আবার আল্লাহ পাকের দরবারে আশা করে।

[সুনান আত তিরমিযি, ৪র্থ খন্ড, হাদীস - ২৪৫৯]

আপনি আপনার খাহেশ পূরণ করবেন আবার আল্লাহ -র কাছেও চাইবেন! কী আশ্চর্য! আপনি তো বেওকুফ। আপনি যে-ই হোন, হাদীস মোতাবেক আপনি একটা বেওকুফ। আপনি সম্ভবত জীবনেও পথ পাবেন না। আর এরই কারণে আমাদের দু'আও কবুল হয় না। আপনি ৫ বেলা খাওয়া-দাওয়া করবেন, সস্তা মূল্যে নিজের দ্বীন বিক্রি করবেন আবার আল্লাহ'র খলিফাকে চিনতে পারবেন এটা কীভাবে সম্ভব? আপনার সব কাজে আদেশ থাকে নামাজ, রোযা আর মিস্কির সুন্নত জিন্দা করা পর্যন্ত। কখনও জিহাদের দাওয়াত দিয়েছেন? কখনও মানুষকে বলেছেন যে আল্লাহ'র রাসূলের ঘরে ওফাতের সময় আগুন জ্বালানোর তেল না থাকুক কিন্তু তলোয়ার ঝুলানো ছিল চারটি। একটি নয়, দু'টি নয়।

আরও বলব?

আপনার অসৎ কাজে শুধু নিষেধ-ই বাধা প্রদান আর যন্ত্রণা। আপনি মানুষকে শুধু নামাজ ছাড়তে নিষেধ করেন, রোজা ছাড়তে নিষেধ করেন। কখনও হাসিনার নিন্দা নিয়ে মুখ খুলেছেন? অতিশয় জোসাবিয়াত যে আমাদের সিনে খেলল তা বলেন? সনাতন যে ক্ষতি শিরকি কুরছা তা বলেন? বলবেন কী? আপনি কী এগুলা আদৌ জানেন? যারা দিনরাত টাকার ধান্দা করে, দুনিয়া কামাই করার জন্য মাথার ঘাম পায়ে ফেলে, কুরআন কারীফ শিক্ষা দিয়েও বিনিময় গ্রহণ করে (মাআযাল্লাহ), হালাল-হারামের মানে কোনো বাছ বিচার করে না, একবদ্ধ হতে চায় না, একবদ্ধ হতে দেয় না, ঝগড়াঝাটি করে এদেরকে আল্লাহ তা'আলা কীভাবে সহীহ বুঝ দিবেন? এরা কিভাবে সঠিক পথ খুঁজে পাবে? এরকম মানুষদের পথ দেখানো কী আল্লাহ'র সুন্নতের এতটুকু? এদের কাহিনী কাজে ডোপামিন নিঃসরণ হতে পারে, কিন্তু হেদায়াত প্রাপ্তি হয়তো এতোটা সহজ হবে না। আপনার কতটা সমস্যার কথা বলব? আজ সারা দুনিয়ায় উম্মাহ মার খাচ্ছে সেদিকে আপনার খেয়াল নেই, আপনি ধান্দাবাজি করছেন কে আপনার চেয়ে বেশি দুনিয়া পেল। একজন আপনি ব্যথিত হচ্ছেন। অমুকে সাড়ি-বাড়ি করে ফেলেছে, আপনি করতে পারলেন না। আল্লাহ তা'আলা তাঁর অফুরন্ত ভান্ডার থেকে যখন কোনো বান্দাকে ধন, সম্পদ, মান-মর্যাদা বা অন্য কোনো নিয়ামত দান করেন, তখন আপনার ভাল লাগে না। আপনি চান যে, তাদের নেয়ামত যদি ধ্বংস হয়ে যেত। আপনি তো একটা হিংসুক! হিংসা করার দ্বারা আপনি মূলত আল্লাহর ফয়সালাকেই অপছন্দ করলেন।

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

আমরা যদি সতিকার অর্থে বিচার করি, তাহলে দেখতে পাব যে, দ্বীনি প্রতিটি কাজকর্মে, ইসলাহী মেহনতে, ইবাদাতে, ইলমী ময়দানে, দাওয়াতের ময়দানে, জিহাদের ময়দানে, দান-খয়রাত করা ক্ষেত্রে রিয়া বা লোক দেখানো মনোবৃত্তি আমাদের মাঝে কাজ করছে। এ মনোবৃত্তি আমাদের সকল ইবাদাতগুলোকে ধ্বংস করে দিচ্ছে। রিয়া মূলত: গোপন শিরক, যা মুসলিমরা করে থাকে। আর প্রকাশ্য শিরক হলো মূর্তিপূজা। আফসোস! একই রক্ত-মাংসের মানুষ আল্লাহকে না দেখিয়ে অপর মানুষকে নিজের সাধুতা দেখাতে গিয়ে ধ্বংস হয়ে যায়। আমাদের ইবাদাতগুলি যে রিয়ায় ভরপুর তার কিছু লক্ষণ হলো —

> যদি কেউ আমাকে সালাম না দেয়, তাহলে কষ্ট অনুভূত হয়।
> আমাকে যদি জামাতের আমীর না বানানো হয়, তাহলে মনে ব্যথা লাগে।
> আমি ভাল বয়ান করতে পারি, কিন্তু আমাকে বয়ান করতে না দিলে আমার দীলের মধ্যে চোট লাগে।
> আমার সামনে যদি আমার সাথীর প্রশংসা করা হয় আর আমার প্রশংসা না করা হয়, তাহলে আমার কেমন জানি লাগে।
> আমি আজকের অভিযানে এত কষ্ট করলাম, এত বীরত্ব দেখালাম। কিন্তু কেউ একটিবারের জন্যও আমার কথা আলোচনা করল না।

> আমি মজলিসে আসলাম কিন্তু কেউ আমাকে দেখে দাঁড়াল না। তাই হতাশ লাগল।
> আমি এতটাকা দান করলাম কিন্তু আমার নাম সাইকে ঘোষণা করা হলো না। মনে আঘাত পেলাম।
> এত টাকা খরচ করে হজ্ব করে আসলাম কিন্তু কেউ আমাকে হাজী বলে না। তাই কষ্ট পেলাম।

নবীজী (সা.) ইরশাদ করেন, যে ব্যক্তি ভেড়ের রশি পাওয়ার আকাঙ্ক্ষায় যুদ্ধে যোগদান করে, তার কপালে রশি ছাড়া আর কিছুই নাই।

আমাদের আরেক ধ্বংসাত্মক ব্যাধির নাম অহংকার। এই রোগে আক্রান্ত রোগী নিজেকে আত্মগৌরব ও আত্মম্ভরিতার দৃষ্টিতে দেখে এবং অপরকে হীনতা অবজ্ঞার দৃষ্টিতে দেখে। এর ফলে সে আমি..... আমি..... প্রলাপ বকতে থাকে। যেমন বকেছিল অভিশপ্ত ইবলিস। পবিত্র কুরআনের ভাষায়,

انا خير منه خلقتني من نار وخلقته من طين

[০৭ সূরা আরাফ : ১২]

আমি তার চেয়ে ভাল, আমাকে তুমি আগুন থেকে সৃষ্টি করেছ, আর তাকে সৃষ্টি করেছ মাটি থেকে।

উক্ত ব্যাধির ফলশ্রুতিতে সমাজে কোনো বৈঠকে বা আলোচনা মজলিসে নিজের বড়াই করার মাধ্যমে স্বীয় শ্রেষ্ঠত্ব-প্রতিপত্তি মান-মর্যাদা ও সুযশ প্রতিষ্ঠার অপপ্রয়াস চালানো হয়। স্থানীয় হুযুর বা সভাপতির আসন পাওয়ার আকাঙ্ক্ষা প্রকট

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge

করা হয়। কেউ তার কোনো কথার প্রতিবাদ করলে শোসসা করা হয়। সে নিজে কাউকে উপদেশ দিলে মনে আঘাত দিয়ে কথা বলে, আর অন্য কেউ তাকে উপদেশ দিলে ঘৃণা করে, মেজাজ খারাপ করে।

রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেন, যে ব্যক্তির অন্তরে সরিষার দানা পরিমাণ অহংকার থাকবে, সে ব্যক্তি বেহেশতে প্রবেশ করতে পারবে না।

যে কোনো ব্যক্তি নিজেকে আল্লাহ-র কোনো মাখলুকের তুলনায় ভেম মনে করবে, সে-ই দাম্ভিক।

মনে রাখবেন, প্রকৃত নেক ব্যক্তি সে-ই যে আল্লাহ-র কাছে প্রিয়। আর আল্লাহ-র কাছে প্রিয় হওয়ার বিষয়টি একমাত্র মৃত্যুর সময়ের অবস্থার সাথে সম্পর্কিত। আর মৃত্যুর সময় কার কী অবস্থা হবে নিশ্চিত করে আল্লাহ তা'আলা ছাড়া কেউ বলতে পারে না। শেষ পরিণতির ব্যাপারে চিন্তা যেন আপনাকে বদমাইশি করা থেকে ফিরিয়ে রাখে। আপনি বর্তমানে সত্তর বছর দৃঢ়-প্রতিষ্ঠিত আছেন বলে ভবিষ্যতে যে আপনার কোনো পরিবর্তন হবে না, এরূপ ভাববেন না। কারণ, অন্তরের পরিচালক আল্লাহ। তিনি যাকে ইচ্ছা সঠিক পথে হেদায়েত করেন এবং তিনি যাকে ইচ্ছা ধ্বংস করেন।

ফ্রেকাভ কোথায় ডেগরাব

রাসূলুল্লাহ (সা.) একবার ইরশাদ করেন, "আমার পরে মুসলমানদের মধ্যে এমন একদল লোক উৎপন্ন হবে, তারা নানারকম উপায়ে খাদ্য গ্রহণ করবে, নানা বিচিত্র কারুকার্যপূর্ণ বহু মূল্যবান পোশাক পরিধান করবে, মনোমোহিনী সুন্দরী কামিনী রাখবে, মূল্যবান অশ্ব বাড়ির সামনে রাখবে, অল্প খানায় তাদের ভোজন প্রবৃত্তি পরিতৃপ্ত হবে না, অনেক পেলেও তাদের আকাঙ্ক্ষার নিবৃত্তি হবে না, তাদের সমস্ত কাজ কেবল দুনিয়া অর্জনেই ব্যস্ত হবে। দুনিয়াকেই তারা প্রভু বলে মনে করবে। যা কিছু করবে দুনিয়া হাসিলের জন্যই করবে। আমি মুহাম্মাদ তোমাদের প্রতি নির্দেশ দিচ্ছি তোমাদের সন্তানরা তাদেরকে যেন সালাম না করে, তারা অসুস্থ হলে যেন তাদের সেবা না করে। তাদের জানাযায় যেন না যায়, তাদের মুরব্বীদের যেন সম্মান না করে। এই শ্রেণীর ধনী লোকেরা ইসলামকে ধ্বংস করবে। তোমাদের সন্তানগণ যদি তাদের প্রতি সম্মান প্রদর্শন করে এবং সহানুভূতি প্রদর্শন করে, তবে তারাও ইসলামকে ধ্বংস করার কাজে তাদের সাহায্যকারী ও সহায়ক হিসেবে গণ্য হবে।

[কিমিআয়ে সাআদাত]

সাধারণত আম মুসলিমরা তাদের পীর-মাশায়েখ, উস্তাদ, মসজিদের ইমাম, মুরব্বী আলেমদের অনুসরণ করে থাকে। ফলে তার মুরব্বী যে ধরনের টুপি পরিধান করে, সেও সে ধরনের টুপি পরিধান করে। তার মুরব্বী যে স্টাইলের পাঞ্জাবী পরিধান করে, সেও সে ধরনের পাঞ্জাবী পরিধান করে। তার মুরব্বীর রুচি-মেজাজ-প্রকৃতিকে সে অনুসরণ করার চেষ্টা

করে। তার মুরব্বীর মাঝে জালালিয়াত থাকলে তার মেজাজও জালালি তরবিয়তের হয়ে যায়। তার মুরব্বীর তরবিয়ত জামালী হলে তার তরবীয়তও জামালী হয়ে যায়। তার মুরব্বী যদি আয়েশী হয়, সেও এটাকে দ্বীন মনে করে আয়েশী হয়ে তেমন যিন্দেগী যাপন করে। তার মুরব্বী যদি বাবুগিরি যিন্দেগী যাপন করে, সেও তা করতে শুরু করে। তার মুরব্বী যদি দুই তলা বিল্ডিং বানায়, সে হয়ত বানাবে চার তলা বিল্ডিং। দলীল কী !! দলীল হলো "আমার মুরব্বী।" আমার মুরব্বী যদি ভোগবিলাসিতা যিন্দেগী যাপন করেও আল্লাহ ওয়ালা (!) হতে পারেন, তাহলে আমি কেন এভাবে আল্লাহ ওয়ালা হতে পারব না? সাধারণ মানুষ আলেমদের অনুসরণ করে, তাদের দলীল মনে করে। এভাবে একটি জাতি গোমরাহ হয়ে যেতে পারে। তাই আলেমের সোহবতী অনেক জরুরত ও গুরুত্বপূর্ণ। বর্তমান যামানায় মুসলিমরা সাহাবাদের যিন্দেগী ভুলে গিয়েছে কাদের দেখে? আলেমদের দেখে। সাধারণ মানুষ জমানার আলেমদের দেখে দ্বীনের উপর চলার চেষ্টা করে। এভাবে সুন্নতী যিন্দেগীর আদর্শগুলো আস্তে আস্তে মুসলিম সমাজে অপরিচিত হয়ে গিয়েছে। এর দায়ভার কে বহন করবে? সাধারণ মানুষ নাকি আলেম সমাজ?

"ডেলামায়েছ" - দের সম্পর্কে কিছু বলা হলে কিছু বেওকুফ ভাবে, এটি তো ডেলামায়েছ - দের সম্পর্কে বলা হয়েছে। কিন্তু, এটা কেন চিন্তা করে না যে সে নিজে ডেলামায়েছ - দের অন্তর্ভুক্ত হয়ে বসে আছে কিনা? যদি তার মানসিকতা ও জিন্দেগী রাসূলুল্লাহ-র জিন্দেগী বা সাহাবাদের জিন্দেগীর সাথে না মিলে, তবে তো সে নিজেই ডেলামায়েছ। কেবল মাইক হেতু বয়ান করতে পারা, চারপাশে বহু মুরিদান থাকা, দু-চার কলম লিখতে পারার নামই ডেলামায়ে হক্ক হওয়া নয়। হাদীসে বর্ণিত জামানা অবশ্যই বর্তমান জামানা, যে জামানার আলেমদের সম্পর্কে কঠিন ধমকি এসেছে। এরা আল্লাহ-র রাসূলের জিন্দেগীর সুন্নতগুলোকে মিটিয়ে দিয়েছে। ডেলামায়ে কেরাম যখনি নিজের এবং অন্যান্য মানুষের জিন্দেগীর বেশির ভাগ মেহনত ঢেলে মসজিদ - মাদরাসার বিল্ডিং-এর সৌন্দর্য বৃদ্ধির কাজে মনোনিবেশ করবে, তখনি তারা ইসলামকে ধ্বংস করবে। মুসলিমদের আত্মিক শক্তিকে ধ্বংস করে দিবে। দ্বীনের নামে সুন্নতের খেলাফ কার্যক্রমকে মানুষের সামনে দ্বীন হিসেবে উপস্থাপন করবে অথচ নতুন নতুন কিতাব জন্ম দিবে। নিজেরাও কিতাবে সজ্জিত থাকবে। এমন ঘটনে তারা আল্লাহ-র দৃষ্টিতে সৃষ্টির সবচেয়ে নিকৃষ্ট বলে বিবেচিত হবে, যদিও সে নিজেকে রাসূলুল্লাহ-র ওয়ারিশ দাবী করে। কেননা তারা আল্লাহ তা'আলার সেই প্রিয় দ্বীনকে মানুষের মধ্যে অপরিচিত করে দিয়েছে, যে দ্বীনকে প্রতিষ্ঠা করতে স্বয়ং আল্লাহ-র রাসূল (সা:) কে বিশ্বজগত হতে হাজার হাজার সাহাবী শাহাদাত বরণ করেছিলেন।

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

এখন যা কিছু দ্বীন ও গ্রহণযোগ্য মনে করা হচ্ছে, তা আসলে নবীওয়ালা বা সাহাবাওয়ালা দ্বীন নয়। আপনি বলতে পারেন, যেভাবে আমরা দুনিয়া ভোগ করছি, তার পাশাপাশি দ্বীনের খেদমত করলে কি দ্বীনদার হবে না? বিশ-পঁচিশটা মিহি কাপড়ের জামা নিয়ে যদি মাদরাসার শিক্ষক হই তাহলে কি দ্বীনের খেদমত করছি না? মুহতামিম হয়ে তিন-চার তলা বিল্ডিং বানালে সমস্যা কোথায়? ঘরে থেকে মুরব্বীর হাতে বাইয়াত হয়ে নিজের ইসলাহ করলে কি দ্বীন পূর্ণ হলো না? ঘরে আসবার পর থাকলে সমস্যা কি, আমি কি দাওয়াতের ময়দানে জীবনকে কুরবান করে দিয়েছি না? দিনে তিনবার খেয়ে শক্তি অর্জন করে যদি জিহাদ করি, তাতে সমস্যা কোথায়? আমরা তো কোনো সমস্যা দেখছি না!

সমস্যা তো অবশ্যই আছে। যদি সমস্যা না-ই থাকতো, তবে সাহাবায়ে কেরাম কি এমনি এমনি দুনিয়া বিমুখতার মলাক করেছেন? এতো টাকা-পয়সা, অর্থ-সম্পদ থাকা সত্ত্বেও কি তারা কাথেয় সাধারণ মানুষের মত জিন্দেগী যাপন করেছেন?

حب الدنيا

হযরত সুলাইমান ইবনে আব্দুল মালেক (রহ:) হযরত আবু হাযিম (রহ:) কে জিজ্ঞাসা করেছিলেন, বলুন তো দেখি ভাই, আমরা মৃত্যুকে কেন ভয় করি? উত্তরে তিনি বললেন, মৃত্যুকে ভয় কর তার কারণ হল, তুমি দুনিয়াকে আবাদ আর আখিরাতকে বরবাদ করেছ। তাই আবাদী ত্যাগ করে বিরান জমিতে যেতে মন চায় না। একথা শুনে হযরত সুলাইমান বললেন, বাস্তবিক, আপনি ঠিকই বলেছেন।"

দুনিয়া প্রীতি উম্মতের যে ক্ষতি করেছে তা হলো মৃত্যুর প্রতি অনীহা এবং ভয়। যার ফল দাড়িয়েছে কিতাল পরিত্যাগ।

> যে আলোকজ্জ্বল, ঝলমলে ঘর আর আরাম - আয়েশের বিছানার টান ছিন্ন করতে পারে নি, সে কিভাবে জিহাদের ময়দানে গুহার আঁধারে পাথরের বিছানাকে পছন্দ করবে? সে কি পারবে ময়দানে ঝাঁপ দিতে?

> যে বিশ - পঁচিশটা কাপড় পরিধান করে অভ্যস্ত, ইস্ত্রী ছাড়া কাপড় পরতে পারে না সে কি পারবে ছেড়া, অপরিষ্কার, ইস্ত্রীহীন, ভাঁজযুক্ত কাপড় পরে জিহাদের ময়দানে দিনাতিপাত করতে?

> যে তিন - চার বেলা খেয়ে অভ্যস্ত তার পক্ষে কিভাবে জিহাদের ময়দানে না খেয়ে কষ্ট করা সম্ভব? যার নফস অধিক খেয়ে পুষ্ট, তার নফস কি এমনটি হতে চাবে? আবার যে অধিক খেয়ে কামারিপুকে ধ্বংস করেছে, যে ডানে - বামে - সামনে - পিছনে সর্বত্র শুধু কাম দেখে, কামচিন্তা ছাড়া যে অন্য কিছু চিন্তা করতে পারে না, প্রতিদিন যার স্ত্রী সহবাস না করলে চলে না, এক স্ত্রীতে যে সন্তুষ্ট হতে পারে না, সে কিভাবে রণদানে কাম ছাড়া বছরের পর বছর থাকবে?

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

> যে প্রতিদিন গোসল না করে থাকতে পারে না, সে কি পারবে তিহাদের ময়দানে চল্লিশ দিন গোসল না করে থাকতে?

> যে বাড়ি-গাড়ি আর বিলাসের ধান্দা করে, সে কী পারবে, জন্য বিলাস আর সেক্স ছেড়ে দিতে! জিহাদ তো অনেক পরের কথা।

> যার দীল থেকে দুনিয়া হটে যায়নি, আখিরাতের জন্য যার দীল আগ্রহী হয়নি, সে কি মৃত্যুর জন্য প্রস্তুতি নিবে? আর যে দুনিয়াকে সঙ্কীর্ণ করেনি, নফসকে কষ্টে ফেলে নি, যার দুনিয়ার জিন্দেগীর প্রতি এখনও বিতৃষ্ণা জেগে হয়নি, সে কি এখনি মরতে চাইবে? যে মৃত্যুর জন্য প্রস্তুতি নেয়নি, সে তো জিহাদের প্রতিটি পরতে পরতে মৃত্যুর ধ্বনি শুনবে, জিহাদ মানে তার কাছে মনে হবে আযরাঈলের থাবা। তাহলে সে জিহাদ থেকে কেন পলায়ন করবে না? মৃত্যুর ভয়ে তার অবস্থা কেন মূর্ছাপ্রাপ্ত ব্যক্তির মতো হবে না? সে তো তখন অন্য আমলের মাঝে জিহাদের সওয়াব তালাশ করবে। এটাই স্বাভাবিক।

তখন তার মনোভাব হবে, জিহাদ না করে, মৃত্যুর ঝুঁকি না নিয়ে যদি জিহাদের সওয়াব পাওয়া যায়, তাহলেই তো ভাল। তখন দেখা যাবে সে হয়তো জিহাদ ত্যাগ করে সে তায়প্পা মৃত্যুর ঝুঁকিমুক্ত, আমলে সালেহ-এর নাম দিয়ে যেই রাস্তায়ই বেশি দৌড়-ঝাপ করছে। তখন শয়তান ও তার নফস মৃত্যু থেকে বাচার জন্য তাকে নানা রকম বুঝ দিবে।

> ঘরে বসে নফসের বিরোধিতা করলে ময়দানের চেয়ে বেশি সওয়াব (জিহাদে আকবর) হবে!
> গুনাহ থেকে বাচলেই এখন সবচেয়ে বড় খিদমত হবে!
> মাদরাসায় বসে জিহাদের তামান্না করলে জিহাদের সওয়াব মিলবে!
> ঘরে বসে কিতাবাদি লিখলেই এখন জিহাদের মর্তবা হাসিল হবে!
> দাওয়াতের রাস্তা মানেই আল্লাহ-র রাস্তা, মানে জিহাদ!
> গণতান্ত্রিক পন্থায় রাজনীতি করলে জিহাদের সমান সওয়াব পাওয়া যাবে!
> পার্লামেন্ট-মিটিং করলে ময়দানে লড়াইয়ের সওয়াব মিলবে!
> পুলিশের দিকে ইট-পাটকেল ছুড়লে বোমা নিক্ষেপ করার সওয়াব হাসিল হবে!
> আমার পীর সাহেব মুজাহিদ। তার হাতে বাইয়াত মানেই মুজাহিদ। অই আমিও মুজাহিদ!

আবার অনেক গোমরাহ আছে, যারা যদিও মুখে বলে তারা জিহাদ অস্বীকার করে না। কিন্তু এদের আচার-আচরণ, চাল-চলন, হাব-ভাব, কথা-বার্তা পর্যবেক্ষণ করলেই বুঝা যায়, এদের ভিতরে কী লুক্কায়িত আছে।

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen

আরেকদল তো মরণের ভয়ে আরো একধাপ এগিয়ে যাবে। বলবে,

> এখন কিতাল ফরযে আইনে হয় নি!
> এখনো কিতাল করার প্রেক্ষাপট তৈরি হয় নি!
> চারিদিকে তো কেবল শান্তি আর শান্তি!
> কিতাল করবো কার বিরুদ্ধে?!
> ইমাম মাহদির আগমন? সে তো লক্ষ-কোটি বছর পরে হবে!
> এখন "মক্কী জিন্দেগী" চলছে!
> এখন দাওয়াতের সময়!
> ইমাম মাহদি আসলে "মাদানী জিন্দেগী" শুরু হবে। তখন কিতাল করা শুরু হবে!

জিহাদ করতে গিয়ে যেন মরা না লাগে সেজন্য আরেকদল জিহাদ থেকে পালানোর জন্য বলবে,

> জিহাদের জন্য ইসলামী রাষ্ট্র লাগে, আগে দাওয়াতের মাধ্যমে ইসলামী রাষ্ট্র কায়েম করতে হবে, পরে খলীফা বললে জিহাদ করবো!
> বর্তমানে যেহেতু আমরা দুর্বল, আমাদের শক্তি নেই, নেতা নেই, রাষ্ট্র নেই তাই জিহাদও নেই!
> যেহেতু সরকারের গোয়েন্দারা আমরা ঘরে বসে বা বাইরে

মাহফিলে যা বয়ান করি তা রেকর্ড করে নেবেন, তাই এখন
জিহাদী মেহনত মানে আত্মশুদ্ধির মেহনত !
> গণতন্ত্রই এখন প্রকৃত জিহাদ !
> এখনি জিহাদ কাফেরের বিরুদ্ধে নয় । বরং নফস এবং
শয়তানের বিরুদ্ধে !
> এখন ঈমানী মেহনত করতে হবে । আগে মেহনত করে
ঈমান ও ইখলাস হাসিল করতে হবে । পরে ময়দানে যেতে হবে !
আরেকদল তো মৃত্যুর ভয়ে আরো বহুধাপ এগিয়ে
কাপুরুষত্ব-র শেষ প্রান্তে পৌঁছবে । অন্ডকোষ কেটে ফেলে
নিজেদেরকে খোজা বানাবে । জিহাদ যেন পৃথিবীতেই না থাকে
সেজন্য শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে বসে, সাত পেটে আহার করে
গাদ্দা ফতোয়াবাজী করবে । অর্থ ও ক্ষমতা, পদ ও পদবীর
লোভে সস্তায় নিজেদের ঈমান বিক্রি করে দিবে, বাতিলের
তাবেদারী করবে আর বলতে থাকবে,
> যারা জিহাদ করছে তারা শরীয়তসম্মত জিহাদ করছে না । (!)
> জিহাদ মানে জঙ্গীবাদ বা সন্ত্রাস । আর ইসলাম শান্তির ধর্ম । (!)
> ইসলামে যত যুদ্ধ হয়েছে তা ধর্মের কারণে ছিল না । (!)
> ইসলাম ধর্মনিরপেক্ষ । (!!!) তাই ইসলামে জঙ্গীবাদ নেই । (!)
> এরা যা করছে তা জিহাদ নয় । জিহাদ অন্য জিনিস । (!)
> এরাই ইসলামটাকে নষ্ট করলো । (!)
> এরা যুদ্ধবাজী না করলে বাতিল মুসলিমের উপর আক্রমণ করতো না
তাই মুসলিমের ধ্বংসের (এন্ড) এই মুজাহিদরাই দায়ী । (!)
> আল্লাহ-র রাসুল (সা:) সাহাবীদের সাথে নিয়ে বদর, উহুদ,
খন্দকের যুদ্ধে নিজেদের নফসের বিরুদ্ধে জিহাদ করেছিলেন । (!)
> হাসিনা ? সে তো আমিকল মুমিনিন (নাউযুবিল্লাহ্) । (!)

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

সুতরাং কথা স্পষ্ট। দুনিয়ার মহব্বতের শেষ পরিণতি কাপুরুষতা। একে অস্বীকার করার কোনো উপায় নেই। আর, তাই উম্মত আজ কাপুরুষের জিন্দেগী যাপন করছে। জিহাদ ত্যাগ করেছে। আফসোস! দুনিয়া এই যামানার আলেমদেরকেও এমনভাবে গ্রাস করে ফেলেছে যে, তারা আজ একটি 'ফরযে আইন' হুকুমের বিরোধিতা করছে এবং তা অস্বীকার করছে। যেই সব আলেম উপরোক্ত এসব পঁচা ফতোয়া দিচ্ছে, এগুলো তাদের দীলের মধ্যে বিদ্যমান দুনিয়ার মহব্বত ও দুনিয়াতে বেঁচে থাকার স্পৃহাপ্রসূত উক্তি। এগুলো অকাম কাপুরুষোচিত উক্তি। মানসিক বার্ধক্য কিংবা বিকলাঙ্গতার পরিচায়ক।

আসলে, এসব কুফরী কথা দ্বারা এই গোমরাহ আলেমগুলো বাতিল ও তাগুতকে সন্তুষ্ট করছে। আর যে বাতিল ও তাগুতকে খুশি করবে, সে আল্লাহ তা'আলার অসন্তুষ্টি অর্জন করবে। আর যে আল্লাহ তা'আলার অসন্তুষ্টি অর্জন করবে, সে আল্লাহ-র আযাব ও গযবের অপেক্ষা করুক। এগুলো কস্মিনকালেও নবীওয়ালা কিংবা সাহাবাওয়ালা ঈমান ও ইসলাম নয়। কাপুরুষকে আবার কে ভয় পায়? তাই সারা দুনিয়ার বাতিল শক্তি আজ মুসলিমদের উপর চড়াও হয়েছে। কুফফারদের দীল থেকে মুসলিমদের প্রভাব উঠে গেছে। আর উম্মতের নসীব হয়েছে অপমান ও লাঞ্ছনার যিন্দেগী।

যদি কোনো আলেমের মুখে এসব কথা শুনা যায়, তবে

↳ সে "আল্লাহ-র রাসূলের হুযারিশ"-দের তালিকা থেকে ছিটকে পড়বে।
↳ "নায়েবে নবী" হওয়ার সর্বশেষ যোগ্যতাটুকুও হারাবে।
↳ বরং সে আল্লাহ, তাঁর রাসূল (সা.) এবং ইসলামের দুশমন।
↳ এরাই জোমাযেছু। এরাই মন্দ আলেম।
↳ বরং এরা আলেম নয়, জাহেল। আলেম নামের কলঙ্ক।
↳ এদের দেখে উম্মত আজ জোমায়ে হক্কের উপর আস্থা হারাচ্ছে।
↳ এরাই মূক, বধির, অন্ধ। ফলে এরা আর সঠিক পথে ফিরবে না।
↳ এরাই মুনাফিক।
↳ এরা দাজ্জালের চেয়ে বেশি ভয়ংকর।
↳ এরাই নেক সুরতে, কুরআন হাদীসের দলীল দিয়ে, ভুল ব্যাখ্যা করে-উম্মতকে গোমরাহ করছে।
↳ এরাই ইসলামের ধ্বংসকারী।
↳ এরাই আসমানের নিচে, জমিনের উপরে সবচেয়ে নিকৃষ্ট প্রজাতির প্রাণি।
↳ এরাই পথভ্রষ্ট। এরাই কুলাঙ্গার।
↳ এদের মস্তক পশু-পাখির বিষ্ঠা দ্বারা ভরে গেছে।
↳ এরাই তো তারা, যারা আল্লাহ, ফেরেশতা ও সমস্ত মানুষের অভিশাপে অভিশপ্ত।

এদের সম্পর্কেই নবীজী (সা.) বলেছেন, নিশ্চয়ই আমি আমার উম্মতের জন্য পথভ্রষ্ট গোমরাহ আলেমদের সবচেয়ে বেশি ভয় করি।
[সুনানে আবু দাউদ, হাদীস নং-৪২৪৭, তিরমিযী, হাদীস নং-২২২৭]

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

মাদরাসার সার্টিফিকেটধারীরা পথভ্রষ্ট

আমি দেখলাম, মাদরাসার সার্টিফিকেটধারীরা তাদের নিজেদেরকে বহুত বড় আলেম বলে মনে করে। গবেটের দল, আমার কথা খুব খেয়াল করে পড়। তোদের দুআ কেন কবুল হয় না? এখন একটা ট্রেন্ড হয়ে গেছে যে, গবেটের দল লম্বা লম্বা দুআ করে আমীন বলে। অথচ একটা দুআও যে কবুল হচ্ছে না সেই ব্যাপারে তাদের কোনো ভ্রুক্ষেপই নেই। কেন? কারণ কবুল করানোর জন্য দুআ করা হয় না। দুআ করা হয় আমি যে বহু দুআ শিখেছি তা মানুষকে জানানোর জন্য। মাদরাসা থেকে যে ফারেগ হয়েছি বহু বছর সেটা মানুষকে বুঝানো লাগবে না? মানুষ জানলে যে খাসীর রেজালা, মুরগীর রোস্ট, পোলাও-কোরমা, জর্দা-ফিরনি-পায়েস-সন্দেশ খাওয়ায়, সেগুলো কি আমার ডিগ্রি-সার্টিফিকেট সম্পর্কে না জানলে খাওয়াবে? যে সম্মান করে আর সম্মানী দেয়, সেগুলো কি আমার ডিগ্রি-সার্টিফিকেটের কথা না জানলে পাব? যদি না পাই, তাহলে এত বছর মাদরাসায় পড়ে কোন ছলাটা উল্টালাম? (বুঝছেন তো??) তোদের জীবনের সাথে না নবীর, জীবনের কোনো মিল আছে না সাহাবীদের জীবনের। না ইবাদাতের ক্ষেত্রে মিল আছে, না ঘর-বাড়ির আসবাবপত্রের সাথে মিল আছে, না লেবাসের ক্ষেত্রে মিল আছে, না খানাপিনার ক্ষেত্রে মিল আছে, না নিয়তের ক্ষেত্রে মিল আছে। নবীজী (সা:) এরশাদ করেন, আমার পর তোমরা আবু বকর ও উমরের অনুসরণ করো।

Nebipres Olmepres AM

হযরত আবু বকর (রা:) ইসলামপূর্ব যুগে মালদার ছিলেন। ইসলামে তিনি যত পুরাতন হয়েছেন, তত দুনিয়াকে বিসর্জন করেছেন, নিঃস্ব হয়েছেন, আল্লাহর সাথে সম্পর্ক তত মজবুত হয়েছে। আর মাদরাসার সার্টিফিকেটধারী পোমর‍্যাহর দল শুরুতে সাধারণ মানুষ থাকে। যত বেশি সার্টিফিকেট হাসিল হতে থাকে তত টাকার সাথে সম্পর্ক বাড়তে থাকে। আগে তিনের ঘরে থাকলে পরে আলিসান অ্যাপার্টমেন্ট হাজেসে থাকে। আগে দুই-চারটা জামায় চলতো। এখন লাগে চল্লিশ-পঞ্চাশটা। আগে দুই বেলা খাবার পেত। এখন খায় পাঁচ থেকে সাত বার। আগে স্লোগান করে খাকত। এখন থাকে বিছানায়। আগে সাইকেলে চড়ত। এখন চড়ে হেলিকপ্টারে। আগে আম মানুষের সাথে মিশত। এখন নারী প্রধানমন্ত্রীর সাথে মুসাফাহা করে (হা! হা!)। আগে এমনভাবে থাকত যে কেউ চিনত না। এখন অর্থ, পদ ও ক্ষমতার লোভে নিজেকে প্রকাশ করে। মক্কে গরম-গরম ওয়াজ করে। তা-ও লক্ষাধিক টাকার কন্ট্রাক্ট সাইন করার পরে। আর ওয়াজের বিষয়বস্তুগুলো কী কী? আমি পার্লামেন্টের মৌলভি; গণতান্ত্রিক দেশের আলো-বাতাস ভোগ করে বলো গণতন্ত্র মানো না, তাই না? আমার মুখ দিয়া যেইটা বাইর হয় হেইটাই মার্কেট পায়। ইয়া আল্লাহ!

এমন দিনও দেখা লাগল !!

আমার নিজের অভিজ্ঞতা আপনাদের সাথে শেয়ার করতে চাই। আমি মসজিদে মাগরিবের নামাজ পড়তে গিয়ে অজুখানায় প্রবেশ করি। এখন ২০২২ এর রমজান চলছে। সেখানে দেখি কয়েকটা বিশাল ডেকচি রাখা। ভিতরে কুকমান আল্লাহ তা'আলাই জানেন কত রকম খাবারের উচ্ছিষ্ট অংশ ছিল !! আমি আরেকদিন দেখি সেদিনও প্রায় একই অবস্থা। ইফতারির নামে মহাভোজের সমাপ্তিতে এত সমস্যা যে, মানুষ দূর-দূরান্ত থেকে এসে মজুদ অথচ ইমাম খানায় লিপ্ত। জামাআত শুরু হচ্ছে না। চিন্তা করুন !! মানুষ নিজের বাসা থেকে এসে মসজিদে পৌঁছে গেছে অথচ ইমাম হযরত মসজিদে থেকেও এখনও জায়গামত পৌঁছাতে পারেননি !! একবার এমনও হয়েছে যে, ইক্বামাত দেয়া যার দায়িত্ব, তিনি প্লেটপূজায় লিপ্ত থাকায় একজন মুসল্লির ইক্বামাতে একজন ইমাম নামাজ শুরু করেন, যিনি কোনো মতে সেদিন পৌঁছাতে পেরেছেন। দিকে-দিকে মৃত না খেয়ে মরে যাচ্ছে, মরে পেছে। সামনেও দুর্ভিক্ষ আসতে চলেছে। আর এরা গাত পেতে সাতশ পদের আইটেম দিয়ে মহাভোজে লিপ্ত। আমার ধারণা, আল্লাহ তা'আলা রমজান মাস দেয়াতেই এরা শুধু হালকা একটা ধারণা পেয়েছে ক্ষুধা কি জিনিস। নইলে এরা হয়তো জানতোই না সেটা কি। অথচ নবীজী (সা:) বলেন, পরস্পর ভালবাসা, রহমত ও সাহায্যের ক্ষেত্রে মুমিনদের অবস্থা একটি দেহের মত। তার কোনো অঙ্গ অসুস্থ হলে গোটা দেহ বিনিদ্র ও ত্বরাক্রান্ত হয়ে পড়ে।

Nebipres Olmepres AM

